# টোকিও বৈশাখী মেলা রজত জয়ন্তী

## ২৫তম বৈশাখী মেলা ও কারি ফেস্টিভ্যাল

### ১৯ এপ্রিল ২০২৬, রবিবার, ১০টা - ৭টা

### ইকেবুকুরো নিশিগুচি পার্ক (শহীদ মিনার পার্ক), টোকিও

**অনুসন্ধান: ০৯০-৯৩৩২-২০৩৩, ০৮০-৩২৩৪-৭৫৫৭**

## আবেদন করার নিয়ম

- নির্দিষ্ট সময়ের মধ্যে **আবেদন পত্র, নিয়মাবলী মেনে চলার অঙ্গীকারপত্র, অন্যান্য ডকুমেন্ট ও ফি** জমা না দিলে মেলা কমিটি কোন ক্লেইম গ্রহণ করবে না।**কিচেন-কার ও নন-ফুড স্টল** এর জন্য আবেদন ও ফি পরিশোধের **শেষ সময় ৩১ মার্চ ২০২৬ মঙ্গলবার।** **কিচেন কার ছাড়া খাবার বিক্রয় বা পরিবেশন করা পার্ক কর্তৃপক্ষের নির্দশক্রমে নিষিদ্ধ।**
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত সব ডকুমেন্ট জমা দেওয়া আবশ্যক।

☆ কিচেন-কার এর জন্য : কিচেন-কার এইগিও কিওকা-শো এবং শকুহিন এইছেই ছেকিনিন-শা সার্টিফিকেট।

১) নিজ এলাকার কুয়াকু-শো/শিয়াকু-শো এর হোকেন-জো থেকে ইকেবুকুরো নিশিগুচি পার্কের ইভেন্টএ অংশগ্রহণ করার জন্য এইগিও কিওকা-শো সংগ্রহ করে পাঠাতে হবে। নিজ এলাকা জানা না থাকলে, তোশিমা-কু হোকেন-জো থেকেও অনুমতি নেওয়া যাবে। এইগিও কিওকা-শো সংগ্রহ করার ক্ষেত্রে নিম্নোক্ত দুইটি বিষয়ের লিখিত উল্লেখ নিশ্চিত করতে হবে।

ক) তো-নাই ইচি এন লেখা থাকতে হবে (অর্থাৎ টোকিওর যে কোন স্থানে অনুমোদিত কিচেন-কার)।

খ) ইনশোকু তেন 'জিদো-শা' কথাটা লেখা থাকতে হবে।

২) কিচেন-কার এর সাইজ, দৈর্ঘ পাঁচ মিটার- উচ্চতা তিন মিটার বা তার চেয়ে কম হতে হবে। এই সাইজের থেকে বড় কিচেন-কার কর্তৃপক্ষের নির্দেশক্রমে পার্কে ঢোকানো নিষেধ।

৩) কিচেন-কার এর পানির ট্যাংক এর সাইজ ৮০ লিটার হওয়া আবশ্যক।

☆ নন-ফুড স্টলের জন্য এইগিও কিওকা শো (রেজিস্ট্রেশন সার্টিফিকেট)।

- ফি: মাঠের আয়তন অনুযায়ী মেলা কমিটি কিচেন-কার ও নন-ফুড স্টলের সংখ্যা নির্ধারণ করে।

☆ **কিচেনন-কার** ফি: **১৫০,০০০ ইয়েন** (পনেরো মান)। স্পন্সরদের অগ্রাধিকার থাকবে।

☆ **নন-ফুড স্টল** ফি: **৮০,০০০ ইয়েন** (আট মান)। স্পন্সরদের অগ্রাধিকার থাকবে।

☆ **ক্লেইম:** কিচেন-কার কিংবা নন-ফুড ষ্টলের স্থান অপরিষ্কার রাখলে বা সরবরহকৃত সরঞ্জামের কোন ক্ষতি করলে, অতিরিক্ত ক্ষতিপূরণ ফি দিতে হবে এবং ভবিষ্যতে মেলায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবে।

- আবেদন পত্র ও সকল ডকুমেন্ট পুরণ করে ছবি তুলে হোয়াটসঅ্যাপে অথবা ইমেইলে পাঠানো যাবে ।

**হোয়াটসঅ্যাপ 090-9332-2033, ইমেইল sheikhaleemuzzaman@gmail.com**

- কিচেন-কার ও নন-ফুড স্টল ফি নিম্নলিখিত ব্যাঙ্ক এ্যাকাউন্টে প্রেরণ করতে হবে।

**Mitsubishi UFJ Bank, Branch No. 187 (Oyama Branch),**
**Account No. (Futsu) 1614964, Account Name: JBS**

- পরিশোধিত ফি অফেরত যোগ্য।একই প্রতিষ্ঠানের একাধিক আবেদন গ্রহণযোগ্য নয়।
- মেলার তারিখ পরিবর্তন করা সম্ভব নয়।
- বরাদ্দকৃত কিচেন-কার ও নন-ফুড স্টলের বাইরে পণ্যের প্রদর্শনী বা মেলা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে পণ্যের প্রদর্শনী নিষেধ।মেলায় কোন প্রকারি লিফলেট/চিরাশি বিলি করা নিষেধ। মেলা প্রাঙ্গনে এ্যালকোহল পরিবেশন করা বা পান করা নিষেধ।মেলায় বে-আইনী কোন দ্রব্য আনা নিষেধ।
- কিচেন-কার ও নন-ফুড স্টলে করোনা সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত স্বাস্থ্যবিধি (মাস্ক, জীবাণু-নাশক স্প্রে, হ্যান্ড-গ্লাভস ইত্যাদি) মেনে চলতে হবে।
- বৈশাখী মেলায় পার্ক কর্তৃপক্ষের অনুমতিক্রমে, নিয়মতান্ত্রিক পদ্ধতিতে কিচেন-কার ও নন-ফুড স্টল বরাদ্দ করা হয়।মেলার মূখ্য উদ্দেশ্য জাপানে বাংলাদেশকে তুলে ধরা, ব্যবসা নয়।তবে পণ্যের বিনিময়ের ক্ষেত্রে স্টলের আনুষঙ্গিক খরচ সহ দ্রব্যের প্রকৃত মূল্য গ্রহণ করা অনুমোদিত।
- **বরাদ্দ সভা** : সকল আবেদনকারিকে বরাদ্দ সভায় উপস্থিত থাকতে হবে। প্রকৃত মালিক ব্যতীত প্রতিনিধি গ্রহণযোগ্য নয়।
  সভার তারিখ ও সময়: **৫ এপ্রিল ২০২৬, রবিবার, দুপুর ২টা থেকে বিকাল ৫টা ।**
  সভার স্থান: হিগাশি তাবাতা চিইকি শিনকো শিৎছু, ১-১২-১৪ হিগাশি তাবাতা, কিতা-কু, টোকিও
  (হল ফোন: ০৩-৩৮০০-৬৭৭২)।
- উপরোক্ত নিয়মাবলীর বাইরের যে কোন বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত।

**পরবর্তী পাতার আবেদন পত্র, অঙ্গীকারপত্র ও অন্যান্য ডকুমেন্ট পুরণ করে ছবি তুলে হোয়াটসঅ্যাপে অথবা ই-মেইলে পাঠাতে হবে**

# টোকিও বৈশাখী মেলা রজত জয়ন্তী

## BOISHAKHI MELA AND CURRY FESTIVAL: STALL APPLICATION FORM 2026

Contact: 090-9332-2033, 080-3234-7557 Email: sheikhaleemuzzaman@gmail.com,
www.japanbangladesh.com, www.facebook.com/boishakhimelatokyo

---

| | |
|---|---|
| DATE | *(Last Date 31 March 2026 Tuesday)* |

| | |
|---|---|
| *KITCHEN-CAR* ➜ NAME OF RESTAURANT<br>*NON-FOOD* ➜ NAME OF COMPANY | |

| | |
|---|---|
| NAME OF OWNER / PROPRIETOR | |

ADDRESS : Please Write Postal Code 〒

| MOBILE PHONE (WhatsApp) | LAND PHONE/FAX | EMAIL |
|---|---|---|
| | | |

| | |
|---|---|
| TYPE OF STALL (Kitchen-Car *or* Non-Food)<br>*COMBINATION NOT ALLOWED* | |
| ***Example: Food*** *(Kitchen-Car) -* ***Non-Food*** *(Remittance /Apparel / Handicraft / IT / Etc.)* | |

**STALL DESCRIPTION:** Directed by Park Authority to list up Materials/Articles at your stall with Price per Piece

| | DESCRIPTION OF MATERIAL/ARTICLE | Per Piece Price (Yen) |
|---|---|---|
| *1.* | | |
| *2.* | | |
| *3.* | | |
| *4.* | | |
| | ***EXAMPLE****: Shingara* | *1 piece = 100 Yen* |

Note/Comment (If Any):

| | |
|---|---|
| Send Stall Fee by Bank Furikomi | Mitsubishi UFJ Bank, Branch No. 187 (Oyama Branch),<br>Account No. (Futsu) 1614964, Account Name: JBS |
| Send Photo of all Documents | By WhatsApp 090-9332-2033 Or Email: @gmail.com |
| Documents to be Sent (List) | 1) Application Form, 2) Eigyo Kyokasho, 3) Shokuhin Eisei Kyokasho,<br>4) Kitchen-Car documents. |

➡ Kitchen-Car Fee: 150,000 Yen Non-Food Stall Fee: 80,000 Yen (Sponsors shall have priority)
➡ Please send Stall Fee by Bank Furikomi
➡ Please send Photo of all Documents by WhatsApp Or Email sheikhaleemuzzaman@gmail.com

# টোকিও বৈশাখী মেলা রজত জয়ন্তী

## ২৫তম বৈশাখী মেলা ও কারি ফেস্টিভ্যাল - ১৯ এপ্রিল ২০২৬, ইকেবুকুরো নিশগুচি পার্ক, টোকিও

## কিচেন কার ও স্টল দাতাদের নিয়মাবলী মেনে চলার অঙ্গীকারপত্র

**১)** বৈশাখী মেলা ও কারি ফেস্টিভ্যালে পার্ক কর্তৃপক্ষের অনুমতিক্রমে, মেলা কমিটি কর্তৃক নিয়মতান্ত্রিক পদ্ধতিতে খাদ্য সহ বিভিন্ন দ্রব্য ও সার্ভিসের পরিচিতির মাধ্যমে বাংলাদেশকে তুলে ধরার জন্য আয়োজন করা হয়।এই ইভেন্টের উদ্দেশ্য ব্যবসা নয় জাপানে বাংলাদেশকে ইতিবাচক ভাবে পরিচিত করানো। তবে পণ্যের বিনিময়ের ক্ষেত্রে স্টলের আনুষঙ্গিক খরচ সহ দ্রব্যের প্রকৃত মূল্য গ্রহণ করার অনুমতি দেওয়া আছে। সকল ষ্টল দাতা ও কিচেন কারকে এই উদ্দেশ্য বাস্তবায়ন করতে হবে।

**২)** কেবলমাত্র কোন প্রতিষ্ঠানই নির্দেশিত সময়সীমার ভিতের ফি পরিশোধ করে মেলায় ষ্টল বা কিচেন কার এর অনুমতি পাবেন।

**৩)** বরাদ্দকৃত স্টলের বাইরে পণ্যের প্রদর্শনী করা বা কোন প্রকার প্রচারণা (লিফলেট বিলি) করা বা বে-আইনী দ্রব্য রাখা নিষেধ।

**৪)** পণ্যের তালিকা ও নির্ধারিত মূল্য মেলা কর্তৃপক্ষের কাছে লিখে জমা দেওয়া আবশ্যক যা অপরিবর্তনীয়।

**৫)** মেলা প্রাঙ্গনে আগমন: পার্ক কর্তৃপক্ষের নির্দেশক্রমে সকাল ৯টার আগে মেলা প্রাঙ্গণে ঢোকা যাবে না। ম্যাপে নির্ধারিত স্থানে স্টল/কিচেন কার থাকবে, স্থান পরিবর্তন করা যাবে না। পার্কে বা আশেপাশের রাস্তায় গাড়ী পার্কিং করা নিষধ।

**৬)** প্রতিটি স্টলে উল্লিখিত উপকরণগুলি রাখা আবশ্যক। ক) প্রতিষ্ঠানের ব্যানার/পোষ্টার (পরিচয়)। খ) পণ্যের তালিকা। গ) টিস্যু পেপার, ময়লা ফেলার জন্য গমি ব্যাগ। ঘ) প্রাথমিক চিকৎসার উপকরণ। ঙ) ফেস মাস্ক।

**৭)** কিচেন কার/খাদ্যদ্রব্যের স্টলের জন্য অতিরিক্ত নিয়মাবলী:

ক) কিচেন কারের জন্য হোকেন-জো প্রদত্ত এইগিয়ো কিওকাশো (ইনশকুতেন জিদোশা, তো-নাই ইচি এন) সার্টিফিকেট বা স্টিকার গাড়ীতে লাগাতে হবে। রিনজি শুত্তেন (সিঙ্গেল আইটেম) এর জন্য এইগিয়ো কিওকাশো + শকুহিন এইছেই ছেকিনিন শা শিকাকু থাকতে হবে, এবং হোকেন-জো এর সার্টিফিকেট গাড়ীতে লাগাতে হবে।

খ) গাড়ী থেকে খাবার পরিবেশন করতে হবে, খাবার গাড়ীর বাইরে নামিয়ে পরিবেশন করা যাবে না। খাবার পরিবেশনের ক্ষেত্রে ডিসপোজেবল কাগজের প্লেট, গ্লাস, চামচ ইত্যাদি ব্যবহার করতে হবে। নামা গমি মেলা শেষে সাথে নিয়ে যেতে হবে।

গ) সকল খাবার স্বাস্থ্য সম্মত ভাবে তৈরী করতে হবে। খাবার তৈরী ও পরিবেশনের সময় হাতে প্লাস্টিক গ্লাভস পরা আবশ্যক। স্টলে টিস্যু ও জীবাণুণাশক স্প্রে রাখতে হবে।

ঘ) স্টলে আগুন নির্বাপনের উপকরণ রাখতে হবে।গ্যাস বম্বে বেঁধে রাখতে হবে।

ঙ) কোন প্রকার মাদক পানীয় পরিবেশন করা নিষিদ্ধ।

**৮)** সার্বক্ষনিক ভাবে মাস্ক পরতে হবে ও জীবাণুণাশক স্প্রে রাখতে হবে।

**৯)** মেলা প্রাঙ্গন থেকে প্রস্থানঃ সন্ধ্যা ৬ টায় কিচেন কার/স্টল বন্ধ করতে হবে।নির্ধারিত স্থানের চারপাশ পরিষ্কার করে মেলা কমিটির কাছে স্টলের সব জিনিসপত্র বুঝিয়ে দিয়ে বিদায় নিতে হবে।

**১০)** মেলার স্থান বা সরবরাহকৃত কোন জিনিসপত্রের ক্ষতি হলে, পরিবেশিত খাবারের কারণে ফুড পয়জনিং বা কোন দুর্ঘটনা ঘটলে, অভিযুক্ত প্রতিষ্ঠানকে তার সকল দায়-দায়িত্ব নিতে হবে এবং ক্ষতিপূরণ দিতে হবে।

**১১)** উপরোক্ত নিয়মাবলীর বাইরের যে কোন বিষয়ে মেলা কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত এবং তা মানতে হবে।

আমি উপরোক্ত সকল নিয়ম মেনে বৈশাখী মেলা ও কারি ফেস্টিভ্যালে অংশগ্রহণ করছি।

| | | |
|---|---|---|
| স্টল/কিচেন কার এর নাম | | |
| স্বত্বাধিকারীর নাম | | |
| স্বাক্ষর- | | তারিখ |